দৈনিক সংবাদ

২০৪

তারিখ ... SEP. 27 1999
পৃষ্ঠা ১২ কলাম ১

### ১১জন উপাচার্যের আহ্বান

# বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখুন

বাংলাদেশের ১১টি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যবৃন্দ ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখা এবং প্রশাসনকে সার্বিকভাবে সহযোগিতা করার জন্য ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানিয়েছেন।

গতকাল রোববার বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের পক্ষ থেকে দেয়া এক যৌথ বিবৃতিতে এই আহ্বান জানানো হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডঃ এ কে আজাদ চৌধুরী, অধ্যাপক ডঃ সাইদুর রহমান খান (রাজশাহী বিশ্ববিদ্যালয়), অধ্যাপক আবদুল মান্নান (চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়), অধ্যাপক মুহাম্মদ হোসেন (কৃষি বিশ্ববিদ্যালয়), অধ্যাপক আলাউদ্দিন আহমদ (জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়), অধ্যাপক মুহাম্মদ কায়েস উদ্দিন (ইসলামী বিশ্ববিদ্যালয়), অধ্যাপক আমিনুল ইসলাম (জাতীয় বিশ্ববিদ্যালয়), অধ্যাপক এসএম হাবিবুর রহমান (শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়), অধ্যাপক এম আমিনুল ইসলাম (উন্মুক্ত বিশ্ববিদ্যালয়) এবং অধ্যাপক ডঃ এম নূর উদ্দিন (প্রকৌশল বিশ্ববিদ্যালয়) যৌথ বিবৃতিতে বলেন, 'সাম্প্রতিককালে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মুষ্টিমেয় কিছু শিক্ষার্থী নানা সংগঠনের ব্যানারে বিভিন্ন অযৌক্তিক অজুহাতে বিশ্ববিদ্যালয়সমূহ অচল করে দেয়ার চেষ্টা করছে। সরকার বাজেটে শিক্ষা খাতে সর্বোচ্চ বরাদ্দ রেখেছে। স্বাভাবিকভাবেই এই বরাদ্দের সিংহভাগ খরচ করা হয় প্রাইমারি শিক্ষা খাতে, যার যৌক্তিকতা সকলেই স্বীকার করবেন। বিশ্ববিদ্যালয় পর্যায়ের বরাদ্দও পূর্বের তুলনায় বৃদ্ধি পেয়েছে। তবে শিক্ষা উপকরণ ও অন্যান্য আনুষঙ্গিক ব্যয় বৃদ্ধি পাওয়াতে অনেক সময় এই বরাদ্দ পর্যাপ্ত হয় না। বিশ্ববিদ্যালয়গুলোর অভাব-অভিযোগ সম্পর্কে সরকারকে সদাসর্বদাই অবহিত করা হয়। সীমিত সম্পদের কথা বিবেচনায় রেখেও সরকার বিশ্ববিদ্যালয়গুলোর সমস্যা সমাধানে যথেষ্ট আন্তরিক এবং সচেষ্ট। কথায় কথায় বিশ্ববিদ্যালয় বন্ধ করে দিয়ে সেশন জট এবং অন্যান্য দুর্ভোগ না বাড়িয়ে যৌক্তিক আলোচনার মাধ্যমে সংকট নিরসনের প্রচেষ্টাই দেশ ও জাতির তথা শিক্ষার্থীদের জন্য অধিকতর কল্যাণ বয়ে আনবে। সামগ্রিক অবস্থা বিচার করে আমরা আশা করব বিশ্ববিদ্যালয়সমূহে অধ্যয়নরত শিক্ষার্থীরা ধৈর্য ধারণ করে ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে সার্বিকভাবে সহায়তা করবে।"